

১। **Medical Subject Matter Expert Exchange (SMEE) প্রশিক্ষণ।** গত ১০-১৫ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বানৌজা নিভীকে যুক্তরাষ্ট্র নৌবাহিনীর Special Operations Command Pacific (SOCPAC) এর প্রতিনিধি দল কর্তৃক Medical Subject Matter Expert Exchange (SMEE) প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। SOCPAC এর ০৯ জন প্রতিনিধির তত্ত্বাবধানে বাংলাদেশ নৌবাহিনীর ৩১ জন কর্মকর্তা ও নাবিক উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করে।



চিত্র-১ (ক): Medical Subject Matter Expert Exchange (SMEE) প্রশিক্ষণ কার্যক্রমের একাংশ।

২। **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।** গত ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষ্যে বানৌজা নিভীক মসজিদ এ বাদ ফজর বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে কমডোর সোয়াডস কমান্ড সহ ঘাঁটির অন্যান্য কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।



চিত্র-২ঃ বিশেষ দোয়া ও মোনাজাত।

৩। **কমসোয়াডস এর মতবিনিময় সভা।** গত ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বানৌজা নিভীকে কমসোয়াডস কর্তৃক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় ঘাঁটির সকল কর্মকর্তা, নাবিক এবং বেসামরিক ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।




চিত্র-৩ (ক): মতবিনিময় সভায় কমসোয়াডস কর্তৃক বক্তব্য প্রদান।



চিত্র-৩ (খ): মতবিনিময় সভায় উপস্থিত কর্মকর্তা ও নাবিকবৃন্দের একংশ।

৪। বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) 'কিউ' ২০২৩/বি কোর্স এবং এ্যাডভান্সড ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) 'কিউ' কোর্স ২০২৪ এর প্রশিক্ষণ কার্যক্রম। গত ফেব্রুয়ারি মাসে ডাইভিং এন্ড স্যালভেজ স্কুলে বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ ২০২৩/ বি কোর্স ও এ্যাডভান্সড ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) 'কিউ' কোর্স ২০২৪ পরিচালিত হয়েছে। প্রশিক্ষণকালীন সময় বিভিন্ন কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রম ডুবুরি কোর্সের একটি গুরুত্বপূর্ণ অংশ বিধায় অধিকাংশ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত থেকে সুষ্ঠু ও সুচারুভাবে প্রশিক্ষণ পরিচালনা করেছেন।



চিত্র- ৪ (ক): বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ ২০২৩/ বি কোর্স ও এ্যাডভান্সড ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) 'কিউ' কোর্স ২০২৪ শারীরিক প্রশিক্ষণকালীন সময়।



চিত্র- ৪ (খ): বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ ২০২৩



চিত্র- ৪ (গ): স্কুবা ওপেন সার্কিট ও Jump from Hight প্রশীক্ষণ।

৫। ১৩ তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি-১৩) কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম। নেভাল কমান্ডো বেসিক (এনসিবি-১৩) কোর্সটি গত সেপ্টেম্বর ২০২৩ হতে ০৭ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত স্পেশাল ওয়ারফেয়ার স্কুলের তত্ত্বাবধানে পরিচালিত হয়েছে। উক্ত কোর্সের প্রশিক্ষণকালীন সময়ে অধিকাংশ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মসূচি সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনা করছেন।



চিত্র- ৫ (ক): ১৩তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি) কোর্সের প্রশিক্ষণার্থীদের ব্যবহারিক Basic Small Unit Tactics (BSUT) প্রশিক্ষণ।



চিত্র- ৫(খ): ১৩তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি) কোর্সের SURVIVAL প্রশিক্ষণ।



চিত্র- ৫ (গ): ১৩তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি) কোর্সের Demolition প্রশিক্ষণ।